অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল এম্পায়ার স্টেট প্লাজায় ডায়নামিক LED লাইটিং সম্পূর্ণ হওয়ার ঘোষণা করেছেন

হলিডে ট্রি লাইটিংয়ে নতুন শক্তি-দক্ষ আলোর ব্যবস্থা উন্মোচন করা হয়েছে, যা ছুটির রঙে এম্পায়ার স্টেট প্লাজাকে আলোকিত করে

গভর্নর ক্যাথি হোচুল আজ এম্পায়ার স্টেট প্লাজার বিল্ডিং জুড়ে একটি LED আলোকসজ্জার প্রকল্পের সমাপ্তির ঘোষণা করেছেন যা বিশেষ সময়ে প্লাজাকে গতিশীলভাবে রঙিন করতে দেবে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ জেনারেল সার্ভিসেস (New York State Office of General Services, OGS) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) নতুন রঙ-পরিবর্তনকারী প্রযুক্তি সহ 360-টিরও বেশি বাহ্যিক LED লাইট ইনস্টল করার জন্য অংশীদারিত্ব করেছে যা প্লাজার অনন্য স্থাপত্যকে দৃষ্টিনন্দন করে রাখবে বছর জুড়ে। এম্পায়ার স্টেট প্লাজাতে আজকে জনসাধারণের জন্য নতুন শক্তি-দক্ষ আলো প্রথম প্রদর্শিত হবে বার্ষিক হলিডে ট্রি লাইটিং অনুষ্ঠানে বিকাল 5:15-তে।

"আমাদের রাজ্যের কেন্দ্রস্থলে এই উত্তেজনাপূর্ণ আলোকসজ্জা প্রদর্শনের সমাপ্তি ঘোষণা করতে পেরে আমি আনন্দিত, যা ট্রি লাইটিং এর জন্য সঠিক সময়ে সম্পন্ন হয়েছে।" **গভর্নর হোচুল বলেন।** "গাছের আলোকসজ্জা এবং প্রায় দেড় বছর পর সমাপ্ত করা বৃহত্তর আলোকসজ্জার প্রকল্পটি আশা এবং আশাবাদের প্রতীক, এবং একটি সবুজতর, আরও দক্ষ ভবিষ্যতের প্রতি আমাদের রাজ্যের অঙ্গীকারবদ্ধতাকে প্রতিফলিত করে।"

বাহ্যিক আলোকসজ্জা 2023 সালে প্লাজায় সম্পূর্ণ হওয়ার জন্য নির্ধারিত প্রায় 16 মিলিয়ন ডলারের বিস্তৃত LED আলো প্রকল্পের অংশ। নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA), যারা এই প্রকল্পের অর্থায়ন ও বাস্তবায়ন করছে, তারা নতুন LED ফিক্সচার সহ প্লাজার ভবনগুলি জুড়ে 95,000-টিরও বেশি আলো প্রতিস্থাপনের বিষয়ে OGS-এর সাথে সমন্বয় করছে। উদ্যোগটি সরাসরি একটি পরিবেশ অনুকূল এম্পায়ার স্টেট প্লাজার প্রতি রাজ্যের অঙ্গীকারবদ্ধতা এবং 2025 সালের মধ্যে শক্তির দক্ষতা বৃদ্ধি করতে এবং বার্ষিক বিদ্যুতের চাহিদা তিন শতাংশ কমিয়ে - যা 1.8 মিলিয়ন নিউ ইয়র্ক পরিবারের সমতুল্য - জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যগুলিকে সমর্থন করে।

OGS এর ভারপ্রাপ্ত কমিশনার জিনেট ময় বলেন, "এম্পায়ার স্টেট প্লাজায় এই বার্ষিক ছুটির উৎসব হল একটি নতুন LED আউটডোর লাইটিং সিস্টেম উন্মোচন করার উপযুক্ত সুযোগ। এটি

কম করে 85 শতাংশ শক্তির ব্যবহার হ্রাস করবে এবং প্লাজার স্থাপত্যের অনন্য ভবনগুলি চিত্তাকর্ষক রঙে আলোকিত করবে। নতুন আলোগুলি এই ইভেন্ট এবং ভবিষ্যতে বিশেষ অনুষ্ঠানের জন্য আলবেনির দিগন্তে একটি আকর্ষণীয় সংযোজন হবে। একটি পরিবেশ অনুকূল, আরও দীর্ঘসময়ের জন্য শক্তিশালী নিউ ইয়র্ক স্টেট গড়ে তোলার জন্য OGS এবং NYPA এক সাথে যা সম্পন্ন করছে তা নিয়ে আমি গর্বিত।"

NYPA-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "কমপ্লেক্সের উপকারের জন্য গুরুত্বপূর্ণ দূরবর্তী সৌর উৎপাদন, জ্বালানি দক্ষতা ও সংস্কার প্রকল্পগুলোর মাধ্যমে NYPA ও OGS এম্পায়ার স্টেট প্লাজায় একটি সমন্বিত জ্বালানি রূপান্তর বাস্তবায়ন করছে, এবং বার্ষিক ট্রি লাইটিং ও ছুটির মৌসুমের জন্য যথাসময়ে নতুন LED লাইটিং সিস্টেম সম্পূর্ণ করতে পারায় আমরা অত্যন্ত আনন্দিত। এই লাইটগুলোর বছরব্যাপী বিভিন্ন ধরনের অনুষ্ঠান উদযাপনের সাথে সঙ্গতি রেখে প্লাজার অভ্যন্তরীণ ভবনগুলোকে গতিময়ভাবে আলোকিত করার ক্ষমতা আছে।"

সেপ্টেম্বর 2019 এ, NYPA এবং OGS এম্পায়ার স্টেট প্লাজার জন্য শক্তির বিকল্পগুলির একটি মূল্যায়ন সম্পন্ন করেছে প্রযুক্তিগত পর্যালোচনা, সম্প্রদায়ের শুনানির সেশন এবং এলাকার সমিতিগুলির সাথে বৈঠকের মাধ্যমে। উন্নত বিস্তৃত পরিকল্পনা, যার মধ্যে আছে LED আলোর আপগ্রেড, এই অতিরিক্ত উদ্যোগগুলিকে অন্তর্ভুক্ত করে:

- 30-মেগাওয়াটেরও বেশি দূরবর্তী সৌর অ্যারে কাজ চলছে ওরিস্কানিতে যা প্লাজার শক্তির চাহিদার অর্ধেক পর্যন্ত সরবরাহ করবে।
- স্থানীয় গ্যাসের ব্যবহার এবং নির্গমন 18 শতাংশ কমাতে সাইটের বাষ্প চালিত চিলারগুলির মধ্যে একটিতে প্রায় 30 মিলিয়ন ডলারের বিদ্যুতায়ন আপগ্রেডের উদ্দেশ্যে জন্য নির্মাণ চলছে৷ আগামী বছর প্রকল্পটি শেষ হবে বলে আশা করা হচ্ছে।
- বর্তমান অন-সাইট এমার্জেন্সি জেনারেটরকে অত্যাধুনিক দক্ষ, কম নির্গমন এবং কম-শব্দের ইউনিট প্রতিস্থাপনের জন্য 60 মিলিয়ন ডলারের বাস্তবায়নের কাজ চলছে। পরের দুই বছরের মধ্যে প্রকল্পটি শেষ হবে বলে আশা করা হচ্ছে।
- পূর্বের আন্সার্স কারখানার পুরানো, অব্যবহৃত ইস্পাতের স্মোকস্ট্যাকটি ভেঙে ফেলা হয়েছে৷
- এছাড়াও, OGS এবং NYPA এর প্লাজার একটি ব্যাপক শক্তির অডিট শুরু করার পরিকল্পনা আছে আরও কি পদক্ষেপ এবং প্রকল্প সম্পন্ন করা উচিত তা নির্ধারণ করতে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন

বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে-91 টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রোজেক্টে 21 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য 1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে 1.2 বিলিয়ন ডলারের বেশি সহ, স্বচ্ছ শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি আরও প্রসারিত করে। এই বিনিয়োগগুলি সম্মিলিতভাবে 2019 সালে নিউ ইয়র্কে স্বচ্ছ শক্তির ক্ষেত্রে 150,000 এর বেশি চাকরি, 2011 সাল থেকে বর্ণিত সৌরশক্তির ক্ষেত্রে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 এর মধ্যে স্থলভাগে 9,000 মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদন করার প্রতি অঙ্গীকারে সহায়তা করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

অফিস অফ জেনারেল সার্ভিসেস (OGS) 1960 সালে রাজ্য সরকারের ক্রিয়াকলাপের জন্য প্রয়োজনীয় সহায়তা পরিষেবা প্রদানের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। তারপর থেকে, OGS সুযোগ এবং জটিলতার ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে বিকশিত হয়েছে। আজ, OGS হল একটি বহুমুখী সংস্থা যারা রাজ্যের সংস্থা, স্থানীয় সরকার এবং জনসাধারণকে পরিষেবার বিস্তৃত সম্ভার প্রদান করে।

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরও তথ্যের জন্য দেখুন www.nypa.gov এবং আমাদের অনুসরণ করুন টুইটার @NYPAenergy, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418